০৩/০২/২৫

(মোঃ আরিফ হোসেন)
সহকারী কমিশনার (ভূমি)
চারঘাট, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চারঘাট, রাজশাহী।
http://charghat.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১২৫.০০০.০৭.০০৮.২৫. ১৮৪

তারিখঃ ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

# হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,চারঘাট উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নতফশীলভুক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের পহেলা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইচ্ছুক দরপত্রদাতাগণ জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, চারঘাট, সোনালী ব্যাংক লিঃ, চারঘাট শাখা এবং চারঘাট মডেল থানা হতে প্রতিটি হাটের জন্য বিস্তারিত শর্তসম্বলিত প্রতি সেট সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নতফশীলের ৭নং কলামে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন (তফসিলের ৬ নং কলামে বর্ণিত তারিখ পর্যন্ত) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী, পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি)এর কার্যালয়, চারঘাট, রাজশাহীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই বিকাল ৩-০০ টায় (তবে রমজান মাসে ০২-০০ টায়) উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে দরপত্র বাক্স (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ধর্তব্য মূল্যের নিম্নের কোন দর কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত দর পাওয়া না গেলে তফশিলের ৬নং ও ৭নং কলামে বর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে ক্যালেন্ডার এবং উল্লিখিত স্থান ও সময়সূচি অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে।

প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত দরপত্র মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না রাখলে কিংবা হাটের অন্য কোন ক্ষতিসাধন করলে জামানত হিসেবে সংরক্ষিত ৫% অর্থ হতে ক্ষয়ক্ষতির ব্যয় মিটানো হবে। ইজারার মেয়াদ শেষে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর ফেরত দেয়া হবে। কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র সন্তোষজনক বলে বিবেচিত হলে অনুমোদিত দরদাতাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% টাকা, অনুমোদিত দরের ১০% আয়কর (আই.টি) ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে, অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে পালিত হলে ইজারা গ্রহীতার সাথে ৩০০/০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনান্তে অনুমোদিত ইজারা গ্রহীতার বরাবর হাটের দখল হস্তান্তর করা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা এবং যেকোন দরদাতার দর বহাল রেখে পুনরায় দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষণ করেন।

## তফশিল (বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ইজারার ক্যালেন্ডার)

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন এর নাম | সরকারি (ইজারা) মূল্য | সিডিউল মূল্য | সিডিউল বিক্রির সর্বশেষ তারিখ (অফিস চলাকালীন) (সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত তবে রমজান মাসে সরকার নির্ধারিত অফিস চলাকালীন সময়ে) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ০৯ টা হতে দুপুর ০১ টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | নন্দনগাছি হাট | নিমপাড়া | ৪১,২৩,৭৮৯/- | ৯০০০/- | ১ম বার ২৫/০২/২০২৫ | ১ম বার ২৬/০২/২০২৫ |
| ০২ | ভাটপাড়া হাট | ঐ | ১১,৪৮৩/- | ৫০০/- | ২য় বার ০৪/০৩/২০২৫ | ২য় বার ০৫/০৩/২০২৫ |
| ০৩ | জাগিরপাড়া হাট | ঐ | ৬,৫৬৫/- | ৫০০/- | ৩য় বার ১১/০৩/২০২৫ | ৩য় বার ১২/০৩/২০২৫ |
| ০৪ | নিমপাড়া হাট | ঐ | ৮,৫৮৬/- | ৫০০/- | ৪র্থ বার ১৮/০৩/২০২৫ | ৪র্থ বার ১৯/০৩/২০২৫ |
| ০৫ | ডাকরা হাট | ভায়ালক্ষীপুর | ৮৫,১৫৩/- | ৫০০/- | | |
| ০৬ | পুঠিমারী হাট | ঐ | ১৪,৩০৩/- | ৫০০/- | | |
| ০৭ | বনকিশোর হাট | ঐ | ১,৮০৬/- | ৫০০/- | | |
| ০৮ | বুধির হাট | ঐ | ২১,৮৮৯/- | ৫০০/- | | |
| ০৯ | বাকড়া হাট | ঐ | ১,৯৩,৬৪৫/- | ১০০০/- | | |
| ১০ | হলিদাগাছি হাট | শলুয়া | ১৪,৮৯৬/- | ৫০০/- | | |
| ১১ | গোবিন্দপুর হাট | ইউসুফপুর | ২,০০,২৩৪/- | ১২০০/- | | |
| ১২ | টাঙ্গন চৌমুহনী হাট | ঐ | ৪০,৩৭৯/- | ৫০০/- | | |
| ১৩ | পরানপুর হাট | চারঘাট | ৩৫,৭৯৩/- | ৫০০/- | | |
| ১৪ | বড়বড়িয়া হাট | ঐ | ৬,৪৭৭/- | ৫০০/- | | |

AnyScanner

উল্লেখ্য, দরপত্রদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা দুই কপি রঙ্গিন (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং সংশ্লিষ্ট এলাকার মেয়র/চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ দাখিল করতে হবে। হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন হাটের দরপত্র দাখিলের তারিখে দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদিত হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত আরও কোন তথ্য জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এছাড়া ইজারা বিজ্ঞপ্তিটি http://charghat.rajshahi.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩০/০১/২৫

(জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী।
টেলিফোন নম্বর ০২৫৮৮৮-৭৯০৫১
E-mail: unocharghat@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১২৫.০০০.০৭.০০৮.২৫. ১৮৪

তারিখঃ ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য/কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
০৫। পুলিশ সুপার, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রি এবং দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
০৮। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট/বাঘা/পুঠিয়া/দূর্গাপুর/বাগমারা/পবা/মোহনপুর/তানোর/গোদাগাড়ী, রাজশাহী।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
১২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘা/পুঠিয়া/দূর্গাপুর/বাগমারা/পবা/মোহনপুর/তানোর/গোদাগাড়ী, রাজশাহী।
১৩। মেয়র,.....................................(সকল) পৌরসভা,..............................., রাজশাহী।
১৪। সহকারী কমিশনার(ভূমি), চারঘাট, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রি এবং দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৫। ........................................................ (সকল অফিসার), চারঘাট, রাজশাহী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
১৬। সহকারী প্রোগ্রামার, চারঘাট, রাজশাহী (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে http://charghat.rajshahi.gov.bd প্রকাশের অনুরোধসহ)।
১৭। অফিসার-ইন-চার্জ, চারঘাট মডেল থানা/ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, চারঘাট শাখা, চারঘাট, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ নির্ধারিত মূল্যে হাট-বাজারের সিডিউল বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৮। চেয়ারম্যান, ইউসুফপুর/শলুয়া/সরদহ/নিমপাড়া/চারঘাট/ভায়ালক্ষীপুর ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
১৯। পোস্ট মাস্টার, উপজেলা পোস্ট অফিস/সরদহ পোস্ট অফিস, চারঘাট, রাজশাহী ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সরদহ/চারঘাট/নন্দনগাছি ইউনিয়ন ভূমি অফিস,চারঘাট, রাজশাহী। তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য এবং প্রচার শেষে নির্ধারিত তারিখের পূর্বেই জারির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো।
২১। সম্পাদক, ............................................................, রাজশাহী। তাঁকে হাট-বাজার ইজারা বজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় (১০''× ৩ কলাম সাইজ ) স্বল্প পরিসরে ........................ খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন বাদে) একদিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার দুইটি কপিসহ (উল্লিখিত মাপের) বিল দাখিলের অনুরোধ করা হলো।
২২। জনাব....................................................................., ইজারাদার,...................................................., চারঘাট, রাজশাহী।
২৩। জনাব..........................................................................................................., চারঘাট, রাজশাহী।
২৪। অফিস নথি/নোটিশ বোর্ড।

৩০/০১/২৫

(জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী।
টেলিফোন নম্বর ০২৫৮৮৮-৭৯০৫১
E-mail: unocharghat@mopa.gov.bd

SCAN AnyScanner